

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩২৫১

পর্ব-১৩: বিবাহ (১১১)

পরিচ্ছেদঃ ১০. দ্বিতীয় অনুচ্ছেদ - স্ত্রীদের সাথে সদ্যবহার এবং তাদের প্রত্যেকের (স্বামী-স্ত্রীর) পারস্পরিক হক ও অধিকার সংক্রান্ত

আরবী

عَن عَائِشَة رَضِي الله عَنْهَا أَنَّهَا كَانَتْ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي سَفَرٍ قَالَتْ: فَسَابَقْتُهُ فَسَبَقَنِي قَالَ: «هَذِهِ بِتِلْكَ قَالَتْ: فَسَابَقْتُهُ فَسَبَقَنِي قَالَ: «هَذِهِ بِتِلْكَ اللَّحْمَ سَابَقْتُهُ فَسَبَقَنِي قَالَ: «هَذِهِ بِتِلْكَ السَّبْقَةِ» . رَوَاهُ أَبُو دَاوُدَ

বাংলা

৩২৫১-[১৪] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদা তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে সফরে ছিলেন। সেখানে আমি তাঁর সাথে দৌড় প্রতিযোগিতা করে জয়ী হই। অতঃপর যখন আমার শরীর (মেদ) ভারী হয়ে গেল তখন পুনরায় দৌড় প্রতিযোগিতা করলাম। এবার তিনি (সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম) আমাকে পেছনে ফেলে জয়ী হলেন এবং বললেন, (পূর্বের দৌড় প্রতিযোগিতার) পরাজয়ের প্রতিশোধ হলো এই জয়। (আবূ দাউদ)[1]

ফুটনোট

[1] সহীহ : আবূ দাউদ ২৫৭৮, ইরওয়া ১৫০২, সহীহাহ্ ১৫৩১, সহীহ আল জামি' ৭০০৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: রসূল্ল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-এর জীবন ছিল মানব জীবনের সকল দিক ও বিভাগের শ্রেষ্ঠ আদর্শের নমুনা। স্ত্রীদের মনোরঞ্জন বিধান, তাদের সাথে হাসি-কৌতুকের মতো একটি একান্ত বিষয়েও তিনি পবিত্র আদর্শের স্থপতি। সফরের ক্লান্ত শ্রান্ত অবষণ্ণ মনেও এক রাতে রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম তাঁর স্ত্রী 'আয়িশাহ্ (রাঃ)-এর সাথে দৌড়ের প্রতিযোগিতা করেন। এটি কোনো সওয়ারে আরহণ করে নয় বরং পায়ে হেঁটে অর্থাৎ খালি পায়ে দৌড়ের পাল্লা। 'আয়িশাহ্ (রাঃ) বলেন, দৌড়ে আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-কে পিছনে ফেলে বিজয়ী হয়ে গেলাম। পরবর্তী সময়ে আরেকবার এমনি প্রতিযোগিতা হলো, এতে



রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বিজয়ী হলেন এবং 'আয়িশাহ্ (রাঃ) পিছনে পড়ে গেলেন। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম 'আয়িশাহ্ (রাঃ)-কে লক্ষ্য করে বললেন, এটা তোমার গত প্রতিযোগিতা বিজয়ের প্রতিশোধ।

এটা স্ত্রীদের সাথে হুসনু মুআশারাত বা উত্তম আচরণের একট নমুনা। কাষী খান বলেনঃ চারটি বিষয়ে প্রতিযোগিতা করা বৈধ। ১. উটের দৌড় প্রতিযোগিতা, ২. ঘোড় দৌড় প্রতিযোগিতা, ৩. তীরন্দাজী প্রতিযোগিতা ৪. এবং পদব্রজে দৌড় প্রতিযোগিতা। অনুরূপ কোনো প্রতিযোগিতার হারজিত যদি একদিক থেকে হয় তবে তা বৈধ, যেমন : একজন বললো যদি আমি তোমার আগে যেতে পারি তবে আমার জন্য এই পুরস্কার আর তুমি যদি আমার ওপর অগ্রগামী হও তবে তোমার জন্য কোনো পুরস্কার নেই।

পক্ষান্তরে যদি পুরস্কারের উভয় দিক থেকে করা হয় তবে তা হারাম, কেননা ওটা জুয়া-বাজী।

অনুরূপ কোনো আমির 'উমারাহ্ যদি দু'জনের মধ্যে ঘোষণা দেয় যে, তোমাদের দু'জনের মধ্যে যে অগ্রগামী হবে তার জন্য এই এই বিনিময় তবে এটাও বৈধ। উপরে উল্লেখিত চারটি বিষয়ে প্রতিযোগিতা জায়িয বলা হয়েছে এজন্য এই বিষয়ে আসার রয়েছে, অন্যান্য প্রতিযোগিতায় আসার নেই। (মিরকাতুল মাফাতীহ; তুহফাতুল আহওয়াযী হাঃ ২৫৭৫, 'আওনুল মা'বৃদ ৫ম খন্ত, হাঃ ২৫৭৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আব্ বাকর সিদ্দীক (রাঃ)
🔗 Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68576

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন